

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন অধিশাখা-১

## প্রজ্ঞাপন

তারিখ ২৩ ডিসেম্বর ২০১৪ খ্রিঃ

নং পবম/(বং শা-১)০১/২০১৪/৮২৩—যেহেতু বন আইন ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর ৪ (ক) (১) ধারায় নিম্ন তফসিলভুক্ত ভূমিতে সংরক্ষিত বনভূমি (Reserved Forest) হিসাবে ঘোষণা করার ইচ্ছা প্রকাশ করিয়া সরকার নিম্নবর্ণিত বিজ্ঞিসমূহ বাংলাদেশ গেজেটে প্রকাশ করত: ডিপুটি কমিশনার, ময়মনসিংহ ও পরবর্তীতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ময়মনসিংহকে ফরেস্ট সেটেলমেন্ট অফিসার নিয়োগ করা হয়। যিনি উক্ত আইনের দ্বিতীয় অধ্যায় (Chapter II) এর বিধানমতে বর্ণিত ভূমির উপর কাহারো কোন ন্যায়সংগত দাবী দাওয়া থাকিলে তাহা তদন্ত করিয়া দেখার এবং এ বিষয়ে স্থির সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা রাখেন; এবং

যেহেতু বর্ণিত ফরেস্ট সেটেলমেন্ট অফিসার উক্ত আইনের ৬ ধারায় বাংলাদেশ গেজেটের ৬ষ্ঠ খণ্ডে তৃতীয় মার্চ, ১৯৮৩ তারিখে এবং ১৩ আগস্ট ১৯৯২ তারিখে প্রকাশিত নোটিশের মাধ্যমে উল্লিখিত বনভূমি সম্পর্কে কাহারো কোন দাবী দাওয়া থাকিলে উহা উক্ত নোটিশ জারীর তারিখ হইতে ৬ মাসের মধ্যে প্রামাণিক দলিলপত্র সহ তাহার নিকট লিখিত বা মৌখিক উপস্থাপন করার আহ্বান জানান; এবং

যেহেতু বর্ণিত ঘোষণার প্রেক্ষিতে যে সমস্ত ভূমির বিপরীতে কোন দাবী দাওয়া উত্থাপিত হয় নাই অথবা দাবী দাওয়া উত্থাপিত হওয়ার পর আইন সংগতভাবে নিষ্পত্তি হইয়াছে সেই সকল নিম্ন তফসিল বর্ণিত ভূমি বন আইন, ১৯২৭ (The Forest Act, 1927) (Act XVI of 1927) এর

(৬৫৩)

মূল্য : টাকা ৮.০০

২০ ধারার ক্ষমতাবলে এতদ্বারা বিজ্ঞপ্তি জারী হওয়ার তারিখ হইতে বন আইনের অধীন “সংরক্ষিত বনভূমি” (Reserved Forest) বলিয়া গণ্য হইবে মর্মে ঘোষণা করা হইল :

**বনভূমির বিস্তারিত বিবরণ :**

জেলা	পরগনা	উপজেলা	মৌজা		সেটেলমেন্ট দাগ নং	জমির পরিমাণ (একর)	৬ ধারায় গেজেট বিজ্ঞপ্তির নং ও তারিখ
			জে এল নং	নাম			
১	২	৩	৪	৫	৬	৭	৮
ময়মনসিংহ	রণবাড়ী	ভালুকা	২৭৪	হুবিবাড়ী	৪৭১	৯৩.৩৮	৩-৩-১৯৮৩ ইং
					৮৯৬	২.৪৫	গেজেট বিজ্ঞপ্তি নং ২০২২/এস এ তারিখঃ ১৩-০৮-১২
					৯	১০০.০০	
					মোট-	১৯৫.৮৩	
			২৮৯	মনোহরপুর	৭৬	০.৩৪	
					৭৫	০.৪৬	
					৯	৫.৪৯	
					মোট-	৬.২৯	
			১২	মল্লিকবাড়ী	৫১০	২.৬৪	
					৮৮৭	৫.৭৫	
					১৯৭	১.০৮	
					মোট-	৯.৪৩	
			৩৪	ধামশুর	১১০৮	২০.০০	
					১০৫৯	১.৩৪	
					১০৫১	৮.০৮	
					মোট-	২৫.৪২	
					সর্বমোট-	২৩৬.৯৭	
						একর	

২। এই প্রজ্ঞাপনটি জনস্বার্থে জারী করা হইল এবং তাহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজরুল রহমান

সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)